# সাস্টবার্তা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ত্রৈমাসিক মুখপত্র ॥ ৩৮তম সংখ্যা ॥ এপ্রিল-জুন ২০১৯ ॥ বৈশাখ-আষাঢ় ১৪২৬




প্রবন্ধ উপস্থাপন করছেন প্রফেসর ড. রওনক জাহান

## ঐতিহাসিক মুজিবনগর দিবসে আলোচনা সভা অনুষ্ঠিত

গত ১৭ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক মুজিবনগর দিবস যথাযথ মর্যাদায় পালিত হয়। সকাল সাড়ে নয়টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে বঙ্গবন্ধু প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেলের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান: রাজনৈতিক চিন্তাধারা' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু একজন নেতা ছিলেন না, ছিলেন ক্ষণজন্মা মহাপুরুষ, পৃথিবীর ইতিহাসে এক মহান নির্মাতা। তিনি হাজার বছরে শোষিত বাঙ্গালিদের অধিকারের ভাষাকে নিজের সমস্ত জীবন দিয়ে প্রাতিষ্ঠানিক কাঠামো দিয়েছিলেন বলেই আমরা পেয়েছি প্রিয় বাংলাদেশ।

আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর সম্মাননীয় ফেলো প্রফেসর ড. রওনক জাহান। তিনি বলেন, বঙ্গবন্ধুর রাজনৈতিক চিন্তাধারায় সুনির্দিষ্ট কিছু আদর্শ ছিল, মূল্যবোধ ছিল, লক্ষ্য ছিল। সেই লক্ষ্যে পৌছাবার জন্য তিনি একনিষ্ঠ ও নিরলসভাবে কাজ করে গেছেন। তাঁর কর্মকাণ্ডগুলো বিশ্লেষণ করলে যে চারটি বৈশিষ্ট্য পাওয়া যায় তা হল, বাঙ্গালি জাতিস্বত্তা: স্বাধীনতা, গণতন্ত্র ও মুক্তি; জনসম্প্রীতি: জনগণের রাজনীতি; অসাম্প্রদায়িকতা: সকল নাগরিকের সমঅধিকার ও সমাজতন্ত্র : শোষণ মুক্তি ও বৈষম্যহীনতা। এই চারটি বৈশিষ্ট্যের প্রতিফলন আমাদের সংবিধানেও দেখতে পাই।

প্রধান অলোচকের বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রফেসর ড. আল মাসুদ হাসানউজ্জামান বলেন, রওনক জাহানের প্রবন্ধে বঙ্গবন্ধুর রাজনৈতিক চিন্তাধারা সুচারুরূপে পর্যালোচিত হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম । এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব সোস্যাল

সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, বাংলাদেশ ছাত্রলীগ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার ভারপ্রাপ্ত সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক ইমরান খান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গবেষণা সেলের পরিচালক প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম এবং সঞ্চালনা করেন প্রফেসর ড. জায়েদা শারমিন।




পহেলা বৈশাখে ক্যাম্পাসে মঙ্গল শোভাযাত্রা

## পহেলা বৈশাখ উদযাপিত

গত ১৪ এপ্রিল বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আবহমান বাংলার চির ঐতিহ্যবাহী ১লা বৈশাখ উৎসব সাড়ম্বরে পালিত হয়। বাংলা নববর্ষ উদযাপন কমিটি-১৪২৬ এর সার্বিক ব্যবস্থাপনায় আয়োজিত দিনব্যাপী কর্মসূচির শুরুতেই ঢোল, খোল, করতাল আর বাঁশির বাজনার তালে বহু বর্ণিল ব্যানার, ফেস্টুন, পোস্টার শোভিত বৈশাখী শোভাযাত্রার মধ্য দিয়ে বাংলা নববর্ষকে স্বাগত জানানো হয়। চিরায়ত বাংলার ঐতিহ্যমণ্ডিত হাতি ও মাটির পুতুল ইত্যাদির বিরাট মাসকট শোভিত বিশাল শোভাযাত্রার পুরোভাগে থেকে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ নেতৃত্ব দেন। এতে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, নববর্ষ উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, বিভিন্ন অনুষদের ডিন, হলসমূহের প্রভোস্ট, বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। শোভাযাত্রা পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে মুক্তমঞ্চে সামনে এসে সমাপ্ত হয়।

## শাবিপ্রবির ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ঘোষণা

গত ২৪ জুন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জন্য ১৩৯ কোটি ৭৩ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভাকক্ষে এ বাজেট ঘোষণা করেন ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ।

এবারের বাজেট ২০১৮-২০১৯ অর্থ বছরের তুলনায় ৯ কোটি ২৮ লাখ টাকা



শাবিপ্রবির ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

(১৪ শতাংশ) বেশি। গতবার বাজেটের পরিমাণ ছিল ১৩০ কোটি ৪৫ লাখ টাকা। ২০১৯-২০ অর্থবছরের মোট ১৩৯ কোটি ৭৩ লাখ টাকার বাজেটের মধ্যে বেতন ও ভাতাদি খাতে ৮৬ কোটি ৪৮ লাখ টাকা, পণ্য ও সেবা খাতে বরাদ্দ দেয়া হয়েছে ৩০ কোটি ৭৯ লাখ টাকা, বিশেষ মূলধন অনুদান হিসেবে ৩ কোটি ৪২ লাখ টাকা, অন্যান্য মূলধন অনুদান হিসেবে ১৯ কোটি ৪ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। বাজেট ঘোষণা অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম এবং হিসাব দপ্তরের পরিচালক আ ন ম জয়নাল আবেদীন উপস্থিত ছিলেন।

## শিক্ষার্থীদের নতুন বাস উদ্বোধন

গত ৩০ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ দুপুর ১২টায় ছাত্রছাত্রীদের জন্য দুটি নতুন বাস উদ্বোধন করেন।

এ সময় অন্যান্যের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ, শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদক প্রমুখ উপস্থিত ছিলেন।



বাস উদ্বোধনী অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদসহ অন্যান্য অতিথিবৃন্দ

## সাবেক ডিন প্রফেসর ড. মো. আবদুল গনির বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

গত ১৮ জুন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম বিভাগে সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সোস্যাল সায়েন্সেসের সাবেক ডিন প্রফেসর ড. মো. আবদুল গনির বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিদায়ী ডিনকে তাঁর মেয়াদে সফলভাবে দায়িত্ব পালনের জন্যে ধন্যবাদ জানান এবং অনুষ্ঠান আয়োজন করায় তিনি নবনিযুক্ত ডিন প্রফেসর ড. ফয়সল আহম্মদকে ধন্যবাদ জানান।।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. আ. ক. ম. মাহবুবুজ্জামান এবং বিদায়ী বক্তব্য রাখেন স্কুল অব সোস্যাল সায়েন্সেসের সাবেক ডিন প্রফেসর ড. মো আবদুল গনি । অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব এপ্লাইড সাইয়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিসট্রেশনের ডিন প্রফেসর ড. মনিরুল ইসলাম।

সভায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমদ স্কুল অব সোশ্যাল সায়েন্সেসের পক্ষ থেকে বিদায়ী ডিন প্রফেসর ড. মো. আবদুল গনিকে সম্মাননা ক্রেস্ট উপহার দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব সোস্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. ফয়সাল আহম্মদ এবং সঞ্চালনা করেন সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক প্রিয়াঙ্কা ভট্টাচার্য।



'সাস্ট টেক ফেস্ট ২০১৯'-এ প্রধান অতিথিকে ক্রেস্ট প্রদান

## শাবিপ্রবিতে তথ্যপ্রযুক্তি ভিত্তিক 'সাস্ট টেক ফেস্ট ২০১৯' অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ যৌথভাবে বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি ভিত্তিক "সাস্ট টেক ফেস্ট-২০১৯" নামে এক মেগা ইভেন্ট গত ১৯-২০ এপ্রিল ২০১৯ তারিখে আয়োজন করে। অনুষ্ঠানে ঢাবি, বুয়েট ও জাবিসহ দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আন্ত:বিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতা, রবোফাইট, হ্যাকাথন ও প্রজেক্ট প্রদর্শনীসহ অন্যান্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ছিলেন শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

## বৃক্ষরোপণ কর্মসূচি পালিত

গত ৫ মে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের পাশের টিলার পাদদেশে জামরুলের চারা রোপণ করেন।

এসময় ভাইস চ্যান্সেলর বলেন, আমরা ক্যাম্পাসে প্রচুর গাছ লাগাতে চাই। তবে এখন থেকে ফলদ গাছ বেশি লাগানো হবে যাতে আমাদের শিক্ষার্থীরা পর্যাপ্ত ফল খেতে পারে। ফলদ গাছ বৃদ্ধি পেলে ক্যাম্পাসে পাখির আগমন বৃদ্ধি পাবে, পরিবেশ আরো সুন্দর হবে এবং পুরো ক্যাম্পাস একটি সবুজ চত্বর হবে। তিনি বলেন, আমি ইতোমধ্যে পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক মন্ত্রীর সাথে কথা বলেছি। তিনি সিলেটের বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের শাবিপ্রবির জন্য আলাদা প্রকল্প তৈরির জন্য ইতোমধ্যে নির্দেশ দিয়েছেন।

বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, স্কুল অব সোস্যাল সায়েন্সের ডিন প্রফেসর ড. ফয়সল আহম্মদ, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সের ডিন প্রফেসর ড.



বৃক্ষ রোপণ কর্মসূচির উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

মোহাম্মদ বেলাল উদ্দীন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, ফরেস্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ. জেড. এম. মঞ্জুর রশিদ, শাহপরাণ হলের প্রভোস্ট প্রফেসর ড. মিজানুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট ড. আসিফ ইকবাল, রেজিষ্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবার প্রায় দশ হাজার ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা ক্যাম্পাসে রোপণ করা হয়।



বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠান

## বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন

গত ১৮ জুন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন করা হয়। প্রশাসন ভবনের সভাকক্ষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ তিনটি বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন করেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়ন, শিক্ষা ও গবেষণা, প্রশাসনিক এবং সহশিক্ষা কার্যক্রমের মুখপত্র হলো বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন। এ প্রতিবেদনের তথ্য থেকে বিশ্ববিদ্যালয় তার অর্জিত সাফল্যের পাশাপাশি বিরাজমান দুর্বলতাগুলো চিহ্নিত করতে সক্ষম হবে। এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, সম্পাদনা ও প্রকাশনা কমিটির আহ্বায়ক প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশিদ সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান, সম্পাদনা ও প্রকাশনা কমিটির সদস্যবৃন্দ ও বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## আইকিউএসির উদ্যোগে নবীন শিক্ষার্থীদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর উদ্যোগে নবীন শিক্ষার্থীদের নিয়ে Students' Views for Quality Education বিষয়ে তিনদিনব্যাপী

কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

২, ৩ ও ৭ জুলাই বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে প্রতিদিন সকাল ১০টা থেকে কর্মশালাটি শুরু হয়। এতে সকল বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ভবিষ্যত জীবনে নিজেদেরকে সফল মানুষ হিসেবে দেখতে চাইলে তোমাদেরকে পরিশ্রম করতে হবে এবং সময়কে কাজে লাগাতে হবে। তোমাদেরকে মনে রাখতে হবে অধ্যয়ন ও অধ্যাবসায় হচ্ছে সফলতার মূলমন্ত্র। মাত্র চারটি বছর পরিশ্রম ও কষ্ট করে ভাল অবস্থানে চলে যেতে পারলে পরবর্তিতে পুরো জীবনই আরামে কাটানো যাবে।

পরে উন্মুক্ত প্রশ্ন-উত্তর পর্বে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

তিনদিনের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শাবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, শাবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও রসায়ন বিভাগের শিক্ষক প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, সিলেটের পুলিশ সুপার নুরুল ইসলাম এবং র‍্যাব-৯ এর অতিরিক্ত পুলিশ সুপার মো. মনিরুজ্জামান।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. আশরফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন।




প্রশিক্ষণ কর্মশালায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ও অতিথিবৃন্দ

## আইকিউএসির উদ্যোগে নতুন শিক্ষকদের চারদিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন

গত ২৫ জুন থেকে ২৮ জুন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চারদিনব্যাপী 'টিচিং লার্নিং এন্ড অ্যাসেসমেন্ট ফর কোয়ালিটি এডুকেশন' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. আশরাফুল আলমের সভাপতিত্বে এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম। প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এক্রিডিটেশন কাউন্সিলের প্রধান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, বাংলাদেশ এক্রিডিটেশন কাউন্সিলের সদস্য প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, শাবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল মুনিম জোয়ারদার এবং পাবলিক এডমিনিস্ট্রেশন বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সামিউল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয় এমন একটি প্রতিষ্ঠান যেটি পুরো দেশকে পরিবর্তন করতে পারে। সেজন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আপোষ করা হয়নি। বিশ্ববিদ্যালয়ের স্বার্থ যেন ক্ষুণ্ন না হয় সে অনুযায়ী সকলকে কাজ করতে হবে। আমরা যদি ছাত্রদেরকে মানসম্পন্ন শিক্ষা দিতে পারি তবে তারা দেশের সম্পদ হিসেবে পরিণত হবে।



মশাবাহিত রোগ বিষয়ে সচেনতামূলক সভা

## মশাবাহিত রোগ বিষয়ে সচেনতামূলক সভা অনুষ্ঠিত

গত ২৮ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভাকক্ষে মশাবাহিত রোগ-ডেঙ্গু, চিকনগুনিয়া, ফাইলেরিয়া ও মেলেরিয়া বিষয়ে সচেনতামূলক সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যা বিভাগের শিক্ষক প্রফেসর ড. কবিরুল বাশার।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, মশাবাহিত রোগ প্রতিরোধের জন্য আমাদের সচেতন হতে হবে। আমরা যদি আমাদের চারপাশ পরিষ্কার রাখি, তাহলে আমরা ডেঙ্গু, চিকনগুনিয়া, ফাইলেরিয়া ও মেলেরিয়ার মতো অনেক রোগ থেকে নিজেদের রক্ষা করতে পারব। তিনি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজক প্রতিষ্ঠান-এসিআই লিমিটেড, জনসন এবং স্যামস-৯২-কে সুন্দর উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রফেসর মো. আনোয়ার হোসেন, শাহপরাণ হলের প্রভোস্ট প্রফেসর ড. মিজানুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, প্রথম ছাত্রী হলের প্রভোস্ট প্রফেসর আমিনা পারভীন, সিরাজুন্নেছা চৌধুরী হলের প্রভোস্ট শরীফা ইয়াসমীন, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট ড. আসিফ ইকবাল, রেজিষ্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব দপ্তরের পরিচালক আ ন ম জয়নাল আবেদীন প্রমুখ উপস্থিত ছিলেন।

## গ্রন্থাগারিক মো. আব্দুল হাই ছামেনীর অবসরোত্তর ছুটিতে গমন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক, বরেণ্য গ্রন্থাগার বিজ্ঞানী মো. আব্দুল হাই ছামেনী এ বিশ্ববিদ্যালয়ে প্রায় ২৫ বছরসহ গ্রন্থাগার পেশায় দীর্ঘ ৩৬ বছর অত্যন্ত সুনামের সঙ্গে দায়িত্ব পালন করে গত ৩১ মে অবসরোত্তর ছুটিতে গমন করেন। তার অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষে কেন্দ্রীয় গ্রন্থাগারের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ গত ২৪ জুন এক বিদায় সংবর্ধনার আয়োজন করেন।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক জিলুন্নাহার চৌধুরী। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন উপ-গ্রন্থাগারিক মোল্লা রফিক আহমদ। সংবর্ধনা অনুষ্ঠানে মোল্লা রফিক আহমদসহ গ্রন্থাগার দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ মো. আব্দুল হাই ছামেনীর সঙ্গে অতিবাহিত তাদের কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন এবং তার দক্ষতা ও বলিষ্ঠ নেতৃত্বের প্রশংসা করে বক্তব্য রাখেন।

সংবর্ধনা অনুষ্ঠানে মো. আব্দুল হাই ছামেনী তার বক্তব্যে সততা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্যে গ্রন্থাগারের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার প্রধান হিসেবে প্রায় ২৫ বছর দায়িত্বপালনকালে আপনারা আমাকে যে সহযোগিতা প্রদান করেছেন তাতে আমি আপনাদের প্রতি কৃতজ্ঞ। আপনাদের সকলের নিষ্ঠা, দায়িত্ববোধ এবং আন্তরিক পরিশ্রমের ফলেই আজ এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীগণ অত্যাধুনিক গ্রন্থাগার সেবা পাচ্ছেন এবং এ গ্রন্থাগারটি আজ দেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার হিসেবে প্রতিষ্ঠিত।

পরে কেন্দ্রীয় গ্রন্থাগারের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ হতে মো. আব্দুল হাই ছামেনীকে সম্মাননা স্মারক ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

উল্লেখ্য, মো. আব্দুল হাই ছামেনী অবসরোত্তর ছুটিতে গমন করায় অতিরিক্ত লাইব্রেরিয়ান জিলুন্নাহার চৌধুরী গত ১ জুন ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেন।



পুরস্কার গ্রহণ করছেন লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনী

## শাবিপ্রবির লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনীর এক্সিলেন্স লাইব্রেরি প্রফেশনাল এওয়ার্ড লাভ

লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনী 'টিএলটি এক্সিলেন্স লাইব্রেরি প্রফেশনাল এওয়ার্ড ২০১৯ (লাইব্রেরিয়ান অব দি ইয়ার)' লাভ করেছেন।

লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনী গত ২০ এপ্রিল ঢাকায় আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার গ্রহণ করেন। তাঁর দীর্ঘ ৩৫ বছরের কর্মজীবনে দেশের গ্রন্থাগার ও তথ্যায়ণ পেশায় অনবদ্য অবদান রাখার জন্য তাঁকে এ পুরস্কার প্রদান করা হয়।

লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনীর নেতৃত্বে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইনটিগ্রেটেড লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়ার 'কোহা' এবং রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ ব্যবহার করে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম এ বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরিকে অটোমেশনের আওতায় আনা হয়। তাঁর প্রচেষ্টায় সেন্ট্রাল লাইব্রেরি এবং সকল বিভাগীয় লাইব্রেরির সকল বইয়ের তথ্য সমন্বয়ে একটি সেন্ট্রাল ডাটাবেজ তৈরি করা হয়েছে। তিনি শাবিপ্রবির মুখপত্র সাস্টবার্তা সম্পাদনা পরিষদের সদস্য হিসেবে দুইমেয়াদে চার বছর দায়িত্ব পালন করেন।

আব্দুল হাই ছামেনী শাবিপ্রবি থেকে লিয়েনে দু'বছর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান হিসেবে দায়িত্ব পালনকালে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিকে অটোমেশনের আওতায় আনার জন্যে একটি প্রকল্প প্রস্তাব পেশ করে লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক ফর দ্য এভাইবিলিটি অব সায়েন্টিফিক পাবলিকেশন্স (INASP) নিকট থেকে দশলক্ষ আমেরিকান ডলারের আর্থিক অনুদান লাভ করেন। দেশের বিশ্ববিদ্যালয় লাইব্রেরিসমূহের মধ্যে এটিই এধরনের প্রথম অনুদান লাভ এবং উক্ত অর্থ দিয়ে দেশের মধ্যে প্রথম ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিকে কোহা এবং আরএফআইডি ব্যবহার করে অটোমেশনের আওতায় আনা হয়।

এ ছাড়া তিনি দেশের গ্রন্থাগার পেশাজীবীদের জাতীয় সংগঠন বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়ন সমিতি (বেলিড) এর জন্মলগ্ন থেকেই এর বিভিন্ন পদে দায়িত্ব পালনসহ এর বিভিন্ন পেশাগত কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।



ব্যবসায় প্রশাসন বিভাগের পুনর্মিলনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দিন এমপি

## ব্যবসায় প্রশাসন বিভাগের পুনর্মিলনী অনুষ্ঠিত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দিন এমপি বলেন, পলিথিন পরিবেশ বিপর্যয়ের একটি অন্যতম কারণ। আমাদেরকে পলিথিন না ব্যবহারের প্রতি সচেতন হতে হবে। পাটের তৈরি ব্যাগ ব্যবহারে উৎসাহিত হতে হবে। আমরা আবারও আমাদের সোনালী আঁশের সেই দিনে ফিরে যেতে চাই। পাটের তৈরি সোনালী ব্যাগ উৎপাদনের জন্য পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় ইতোমধ্যে একটি প্রকল্পে জলবায়ু ট্রাস্ট ফান্ড থেকে ১০ কোটি টাকা বরাদ্দ দিয়েছে। বাংলাদেশ পাটকল কর্পোরেশন এই প্রকল্প বাস্তবায়ন করবে।

তিনি গত ১২ এপ্রিল শুক্রবার বেলা ১২টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের ২০ বছর পূর্তি উপলক্ষে দুইদিনব্যাপী পুনর্মিলনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

অনুষ্ঠানে বিভাগের ২০১১-১২ সেশনের শিক্ষার্থী ফয়জুল্লাহ ওয়াসিফের সঞ্চালনায় সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুল অব ম্যানেজম্যান্ট অ্যান্ড বিজনেস এডমিনিস্ট্রেশনের ডিন ও ব্যবসায় প্রশাসন বিভাগের প্রধান প্রফেসর ড. মোছাদ্দেক আহমেদ চৌধুরী, ব্যবসায় প্রশাসন এ্যালামনাই এ্যাসোসিয়েশনের সভাপতি তানভির আহমেদ শাকিল, সাধারণ সম্পাদক মনির আহমেদ চৌধুরী, বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী নিজাম উদ্দিন আখন্দ, আল হারামাইন গ্রুপের এমডি এহসানুর রহমান প্রমুখ।

দুইদিনব্যাপী এ পুনর্মিলনীতে বিভাগের প্রথম ব্যাচ থেকে শুরু করে বিশতম ব্যাচ পর্যন্ত বিভিন্ন ব্যাচের সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

## জিইবি বিভাগে নবীনবরণ ও সাংস্কৃতিক সন্ধ্যা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (জিইবি) বিভাগে গত ৮ এপ্রিল নবাগত শিক্ষার্থীদের নবীনবরণ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। জিইবি সোসাইটির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে 'জিইবি সাংস্কৃতিক সন্ধ্যা-২০১৯'-এর আয়োজন করা হয়।



জিইবি-র নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীবৃন্দ

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন ও জিইবি বিভাগের বিভাগীয় প্রধান এবং জিইবি সোসাইটির সভাপতি প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ অনুষ্ঠানে উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন, দেশের বাইরেও এ বিশ্ববিদ্যালয়ের সুনাম রয়েছে। আমাদের বিশ্ববিদ্যালয়ের মর্যাদা আরো বৃদ্ধির লক্ষ্যে কাজ করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ বলেন, গত ১০ বছরে জিইবি বিভাগের যে সাফল্য এবং অগ্রযাত্রা পরিলক্ষিত হয়েছে যা বাস্তবিক অর্থে ঈর্ষনীয়। এ বিভাগে শুধামাত্র কেতাবি ছাত্রছাত্রী গড়ে উঠছে না; বরং সংস্কৃতিমনা ও যথেষ্ট মোটিভেটেড ছাত্রছাত্রী তৈরি হচ্ছে।

বিভাগীয় প্রধান ও অনুষ্ঠানের সভাপতি প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান তার বক্তব্যে বলেন, তোমরা উচ্চ মাধ্যমিক স্তরে যে পড়াশোনা ও পরিশ্রম করেছ তা যদি ধরে রাখতে পারো তাহলে বিশ্ববিদ্যালয় জীবনে অনেক উপরে উঠতে পারবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জিইবি বিভাগের সহযোগী অধ্যাপক জিইবি সোসাইটির কোষাধ্যক্ষ ড. গোকুল চন্দ্র বিশ্বাস।



জরিপ কাজে অংশগ্রহণকারী জিইই বিভাগের শিক্ষার্থীবৃন্দ

## জিইই বিভাগের শিক্ষার্থীদের জরিপ কাজ সম্পন্ন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট (জিইই) বিভাগের ৪র্থ বর্ষ ২য় সেমিস্টার (শিক্ষাবর্ষ ২০১৪-২০১৫)-এর শিক্ষার্থীদের মাঠ পর্যায়ের জরিপ রাঙামাটির কাপ্তাই ও খাগড়াছড়িতে সম্পন্ন হয়। গত ২৭ জুন শিক্ষার্থীদের নিয়ে সাতদিনব্যাপী জরিপ কাজের তত্ত্বাবধান করেন কোর্স শিক্ষক ও জিইই বিভাগের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক মো. মুয়িদ হাসান এবং প্রভাষক সেতু আক্তার। জরিপ কাজের প্রধান উদ্দেশ্য ছিল পাহাড়ি অঞ্চলের মাটির জৈব উপাদানের ভিন্নতা পরিমাপ করা এবং জীব বৈচিত্র্য নিয়ে গবেষণা। শিক্ষার্থীরা জরিপ কাজের সময় রাঙামাটি কাপ্তাইয়ে অবস্থিত বন উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্রের ডাইরেক্টরের সাথে মতবিনিময় করেন। সেখানে বাংলাদেশের বর্তমান সময়ের পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক সমস্যা ও এর সমাধান নিয়ে আলোচনা করা হয়। শিক্ষার্থীরা কাপ্তাই উপজেলায় হাইড্রোলিক পাওয়ার প্ল্যান্ট ঘুরে দেখে। তারা রাঙামাটি ও খাগড়াছড়ি উভয় জেলা থেকেই ৬টি করে মোট ১২টি করে নমুনা সংগ্রহ করে। পরে সংগৃহীত নমুনা জিইই বিভাগের এনভায়রনমেন্টাল ল্যাবরেটরিতে বিশ্লেষণ করে এবং মাঠ পর্যায়ের তথ্য ও উপাত্ত নিয়ে একটি রিপোর্ট তৈরি করা হয়।

শিক্ষার্থীরা তাদের মাঠকর্মের পাশাপাশি বিভিন্ন পর্যটন স্থান ঘুরে দেখে। সেগুলোর মধ্যে উল্লেখ্যযোগ্য ছিল রাঙামাটি জেলার কাপ্তাই লেক, ঝুলন্ত ব্রিজ, সাজেক ভ্যালি, প্যারাডাইজ লেক এবং খাগড়াছড়ি জেলার আলুটিলা গুহা, রিচাং ঝর্ণা, আলুটিলা তেরাং, মায়াবিনী লেক, হাজাধরা পার্ক প্রভৃতি।

## শাবি প্রেসক্লাবের বাংলা বর্ষপঞ্জিকার মোড়ক উন্মোচন

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব বাংলা বর্ষের প্রথম দিনে বাংলা বর্ষপঞ্জিকা ১৪২৬ প্রকাশ করে। গত ১৪ এপ্রিল পহেলা বৈশাখের বিকেলে বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব কার্যালয়ে বর্ষপঞ্জিকার মোড়ক উন্মোচন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। এসময় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, বিশ্ববিদ্যালয় ক্লাবের সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. খায়রুল ইসলাম, সহকারী প্রক্টর মোহাম্মদ সামিউল ইসলাম এবং প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ফয়জুল্লাহ্ ওয়াসিফ।


শাবিপ্রবি প্রেসক্লাবে বর্ষপঞ্জির মোড়ক উন্মোচন করছেন ভাইস চ্যান্সেলর

শাবি প্রেসক্লাবের সভাপতি জিয়াউল ইসলামের সভাপতিত্বে এবং দপ্তর সম্পাদক মেহেদী কবীরের সঞ্চালনায় মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের সকল ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা করা আমাদের লক্ষ্য। সবার সহযোগিতায় বিশ্ববিদ্যালয় আগামীতে এক অনন্য উচ্চতায় যাবে। বাংলা বর্ষপঞ্জি বের করে সবার মাঝে সচেতনতা সৃষ্টির জন্য শাবি প্রেসক্লাবকে আমি সাধুবাদ জানাই। সমাপনী বক্তব্য রাখেন প্রেসক্লাবের সভাপতি জিয়াউল ইসলাম।

## নিয়োগ ও আপগ্রেডেশন

**নিয়োগ ও আপগ্রেডেশনপ্রাপ্ত শিক্ষকবৃন্দ**

নিয়োগ: ড. জি. এম. রবিউল ইসলাম, অধ্যাপক, এফইটি বিভাগ; জনাব কৌশিক সাহা, সহযোগী অধ্যাপক, আর্কিটেকচার বিভাগ; ড. মোহাম্মদ মনযুর উল হায়দার, সহকারী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ; জনাব মো. আহসানুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওশেনোগ্রাফি বিভাগ; জনাব মো. সোলাইমান হোসেন, সহকারী অধ্যাপক, ওশেনোগ্রাফি বিভাগ; জনাব ইশরাত সাদিয়া, প্রভাষক, অর্থনীতি বিভাগ; জনাব তারিক আজিজ, প্রভাষক, অর্থনীতি বিভাগ; জনাব মোছাঃ তাহমিনা আক্তার, প্রভাষক, পলিটিক্যাল স্টাডিজ বিভাগ; জনাব আবু সুফিয়ান, প্রভাষক, পলিটিক্যাল স্টাডিজ বিভাগ; জনাব মো. হেদায়েতুল্লাহ আল হাদী, প্রভাষক, আধুনিক ভাষা ইনস্টিটিউট (আরবী ভাষা); জনাব মর্জিনা আক্তার, প্রভাষক, ওশেনোগ্রাফি বিভাগ; জনাব মাহনাজ ইসলাম সোনিয়া, প্রভাষক, ওশেনোগ্রাফি বিভাগ; জনাব সজিব কুমার মহন্ত, প্রভাষক, পদার্থ বিজ্ঞান বিভাগ এবং জনাব সাদিয়া খানম, প্রভাষক, পদার্থ বিজ্ঞান বিভাগ।

**আপগ্রেডেশন:**

ড. লুৎফুল এলাহী কাওসার, অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ; ড. মোহাম্মদ শাহিদুল হক, অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ; জনাব মো. আব্দুল জলিল, অধ্যাপক, সমাজকর্ম বিভাগ; জনাব মোহাম্মদ আব্দুল্লাহ আল মুমিন, অধ্যাপক, সিএসই বিভাগ, ড. মোহাম্মদ শাহীদুর রহমান, অধ্যাপক, সিইই বিভাগ; জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, অধ্যাপক, জিইবি বিভাগ(শিক্ষাছুটিতে); জনাব মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ; ড. মো. জাহাঙ্গীর আলম, সহযোগী অধ্যাপক, জিইবি বিভাগ; ড. মোসাম্মৎ কামরুন নেছা, সহযোগী অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ; জনাব গোলাম মো. মুন্না, সহযোগী অধ্যাপক, সিইই বিভাগ; জনাব মো. বশিরুল হক, সহযোগী অধ্যাপক, সিইই বিভাগ; জনাব প্রদীপ সাহা, সহযোগী অধ্যাপক, সিইপি বিভাগ; জনাব মোহাম্মদ সাইফুল আলম আমিন, সহযোগী অধ্যাপক, সিইপি বিভাগ; জনাব নয়ন চন্দ্র মহন্ত, সহকারী অধ্যাপক, বিএমবি বিভাগ; জনাব মোহাম্মদ আবুল হাসনাত, সহকারী অধ্যাপক, বিএমবি বিভাগ এবং ড. এস. এম. নিজাম উদ্দিন, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ।

**নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ**

জনাব মুমেন শাহরিয়ার, সহকারী হার্ডওয়ার ইঞ্জিনিয়ার (আইসিটি সেল) এবং জনাব মশিউর রহমান সিদ্দিকী, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)।



ক্যারম প্রতিযোগিতার উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর

## আন্তঃবিশ্ববিদ্যালয় ক্যারম প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ২৪ ও ২৫ জুন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় ক্যারম প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২৪ জুন সকাল ১০ টায় দুইদিনব্যাপি প্রতিযোগিতার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

২৫ জুন প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সকলের আন্তরিক প্রচেষ্টায় সুন্দর ও সুশৃঙ্খলভাবে এ প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সৌহাদ্যপূর্ণ সম্পর্ক গঠনে এ ধরণের প্রতিযোগিতা আয়োজন সব সময়ই কার্যকর ভূমিকা পালন করে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, শাবিপ্রবি দলের ম্যানেজার সহকারী অধ্যাপক মোহাম্মদ সামিউল ইসলাম, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া প্রমূখ।

প্রতিযোগিতায় ছেলে ও মেয়েদের খেলায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এ বিশ্ববিদ্যালয়ের মেয়েদের দল পরপর তিনবার চ্যাম্পিয়ন হওয়ায় গৌরব অর্জন করলো।

## আন্তঃবিভাগ ভলিবল খেলা অনুষ্ঠিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিশ্ববিদ্যালয় ভলিবলে ছেলেদের খেলায় ইংরেজি বিভাগ এবং মেয়েদের খেলায় আর্কিটেকচার বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

গত ১১ এপ্রিল অনুষ্ঠিত ছেলেদের ফাইনাল খেলায় ইংরেজি বিভাগ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স বিভাগকে ২-১ সেটে পরাজিত করে বিজয়ী হয় এবং মেয়েদের খেলায় আর্কিটেকচার বিভাগ জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট বিভাগকে ২-১ সেটে পরাজিত করে।

বিকাল পাঁচটায় বিশ্ববিদ্যালয় হ্যান্ডবল খেলার মাঠে আন্তঃবিভাগ ভলিবল



ভলিবল খেলায় চ্যাম্পিয়ন আর্কিটেকচার বিভাগের মেয়েদের দল

প্রতিযোগিতা ২০১৯-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ফাইনালে বিজয়ী ও অংশগ্রহণকারী সকল দলকে অভিনন্দন জানান এবং সুষ্ঠু ও সুন্দরভাবে প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জানান।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া।

উল্লেখ্য, গত ২ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের হ্যান্ডবল মাঠে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।



শিক্ষকদের ক্রিকেট প্রতিযোগিতা শেষে ট্রফি তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর

## শিক্ষকদের ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৫ মে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির আয়োজিত শিক্ষকদের আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলায় ফুড এন্ড টি টেকনোলজি (এফইটি) বিভাগ চ্যাম্পিয়ন হয়। এফইটি বিভাগ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগকে ১৯ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে মুক্তমঞ্চে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ পুরস্কার বিতরণ করেন। এসময় তিনি বলেন, শিক্ষা ও গবেষণা কার্যক্রমের পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ শিক্ষকদের মানসিকভাবে আরো উজ্জীবিত করবে।

এসময় বক্তব্য রাখেন প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, আইপিই বিভাগের প্রধান প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, এফইটি বিভাগের প্রধান প্রফেসর ড. ইফতেখার আহমেদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান (ভারপ্রাপ্ত) মো. জাহিদুল ইসলাম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান (ভারপ্রাপ্ত) মো. আরিফ আহমেদ।

## ড. মো. আব্দুস ছোবহান ও ড. মোহাম্মাদ আবুল হাসনাতের গবেষণা পুরস্কার লাভ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষক প্রফেসর ড মো. আব্দুস ছোবহান এবং মোহাম্মাদ আবুল হাসনাত ইউনাইটেড গ্রুপের গবেষণা পুরস্কার 'আউটস্ট্যান্ডিং পাবলিকেশন এওয়ার্ড' লাভ করেছেন। গত ১৭ই এপ্রিল ইউনাটেড ইউনিভার্সিটি ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে গবেষকদের জন্যে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্তদের মধ্যে নগদ অর্থ এবং সার্টিফিকেট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক সদস্য প্রফেসর ড. মুহিবুর রহমান। ২০১৪ সালের জন্য প্রতিযোগিতার ভিত্তিতে ৬০-এর অধিক গবেষণা প্রবন্ধ হতে ইমপ্যাক্ট ফ্যাক্টরের ভিত্তিতে মোট ২৩টি গবেষণা প্রবন্ধের গবেষকদের পুরস্কার প্রদান করা হয়। দেশীয় গবেষকদের উৎসাহিত করতে ২০১৩ সাল থেকে ইউনাইটেড গ্রুপ আউটস্ট্যান্ডিং পাবলিকেশন এওয়ার্ড দিয়ে আসছে।

# সাস্টবার্তা




বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলনেরদের আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি

## বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

গত ৬ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)-তে বাংলাদেশ ও ভারতের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের প্রথম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকাল সাড়ে নয়টায় শাবিপ্রবির সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দিপু মনি ভাইস চ্যান্সেলরদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয়গুলো হতে শুধুমাত্র গ্র্যাজুয়েটস বের হবে না। তারা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে যাতে আদর্শ মানুষ হতে পারে সে পরিবেশ বজায় রাখার জন্য সবাইকে সচেষ্ট থাকতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে যাতে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় থাকে সেদিকে নজর দিতে হবে। মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদের মতো সামাজিকব্যাধি থেকে শিক্ষার্থীদের দূরে রাখার ব্যবস্থা নিতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারতের প্রকৃতি ও সংস্কৃতি প্রায় কাছাকাছি। সামাজিক সমস্যাগুলোও প্রায় একই ধরণের। সুতরাং দুই দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে এসব সমস্যা সমাধানের জন্য একসাথে কাজ করতে হবে। এজন্য পারস্পারিক সহযোগিতার মাধ্যমে এসব সমস্যা সমাধানের জন্য গবেষণা করতে হবে এবং নতুন নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে।

শিক্ষা মন্ত্রী বলেন, আমরা উন্নয়নের জন্য যে কানেকটিভিটির কথা বলছি তা শুধুমাত্র জল, স্থল ও আকাশ পথের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং আমরা আরো এগিয়ে যেয়ে জ্ঞানের কানেকটিভিটি বা যোগাযোগ স্থাপন করতে চাই। এক্ষেত্রে আজকের ভাইস চ্যান্সেলরদের এ সম্মেলন সময়োপযোগী এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্মেলন আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি ও প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে অংশগ্রহণকারী সকল বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন জানিয়ে শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, প্রথমবারের মত আয়োজিত ভাইস চ্যান্সেলরদের এই আন্তর্জাতিক সম্মেলন শিক্ষা ও গবেষণায় এক নতুন দিগন্ত সূচনা করবে। এই সম্মেলনের মাধ্যমে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের নবদিগন্তের সূচনা হবে। আমি এই সম্মেলনের সর্বাঙ্গীণ সফলতা কামনা করছি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, আসামের গৌহাটি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মৃদুল হাজারিকা এবং মেঘালয় ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির চ্যান্সেলর মাহবুবুল হক।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সম্মেললনের আহ্বায়ক শাবিপ্রবির স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস এবং স্বাগত বক্তব্য রাখেন সম্মেলনের সদস্য সচিব ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মো. জহিরুল ইসলাম।

সম্মেলনে বাংলাদেশ ও ভারতের ২৩টি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ অংশগ্রহণ করেন।



শাবিপ্রবির নতুন কোষাধ্যক্ষকে ফুল দিয়ে বরণ করছেন ভাইস চ্যান্সেলর

## প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলামের কোষাধ্যক্ষ পদে যোগদান

গত ১১ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে এই বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষক প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম যোগদান করেন। ইতোপূর্বে তিনি গণিত বিভাগের বিভাগীয় প্রধান, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক, ছাত্র হলের প্রভোস্ট, একাডেমিক কাউন্সিলের সদস্য, শিক্ষক সমিতির সভাপতি, বিশ্ববিদ্যালয়ের ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সরকার কর্তৃক মনোনীত সিন্ডিকেট সদস্য ইত্যাদি গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

কোষাধ্যক্ষ হিসেবে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

## বিশ্ব ডিএনএ দিবস পালিত

গত ২৫ এপ্রিল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের যৌথ উদ্যোগে বিশ্ব ডিএনএ দিবস পালিত হয়। দিবসটি উদযাপন উপলক্ষে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীদের অংশগ্রহণে র‍্যালির আয়োজন করা হয়।

বিশ্ব ডিএনএ দিবসে র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন 'ই' এর সম্মুখ থেকে বের করা হয়। র‍্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে একই স্থানে এসে এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের বিভাগীয় প্রধান ড. মো. শামিম আহমেদ। সমাবেশ শেষে কেক কাটার মাধ্যমে বিশ্ব ডিএনএ দিবসের কর্মসূচির সমাপ্তি হয়।

### মুদ্রণ ও প্রকাশনা কমিটি

সভাপতি
**প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম**, পিএসএস বিভাগ

সদস্য
**প্রফেসর ড. শরদিন্দু ভট্টাচার্য**, বাংলা বিভাগ
**প্রফেসর আমিনা পারভিন**, সমাজকর্ম বিভাগ
**মোহাম্মদ মতিউর রহমান খান**, ডেপুটি লাইব্রেরিয়ান, কেন্দ্রীয় গ্রন্থাগার
**মোহাম্মদ আবুল হাসনাত**, সহকারী অধ্যাপক, বিএমবি বিভাগ

সদস্য-সচিব
**মো. নুরুল আমীন**, প্রশাসনিক কর্মকর্তা, জনসংযোগ শাখা

প্রকাশনায় : জনসংযোগ শাখা, রেজিস্ট্রার দপ্তর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। ফোন : পিএবিএক্স : +৮৮-০৮২১-৭১৩৪৯১, ৭১৪৪৭৯, ৭১৩৮৫০, ৭১৬১২৩;
ফ্যাক্স : +৮৮-০৮২১-৭১৫২৫৭; ই-মেইল : sustbarta@sust.edu; ওয়েবসাইট : www.sust.edu। মুদ্রণে : ছাপাকানন, মাছুদিঘির পাড়, তালতলা, সিলেট, ফোন : ০১৭১১৩৩৬৪০৭